**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ০৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১০ জুলাই ২০১৭, ২৬ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সেনা সদস্যদের পদোন্নতিতে মাঠ পর্যায়ের সাফল্য বিবেচনা করা উচিত : প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন : আন্তর্জাতিক সম্প্রদায়কে প্রধানমন্ত্রী

৩। সন্ত্রাস দমনে অর্থ ও অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে : প্রধানমন্ত্রী

৪। গ্রাম পুলিশদের মৃত্যুভাতা প্রদান বিবেচনাধীন : সংসদে অর্থমন্ত্রী

৫। দেশ আজ সার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ : শিল্পমন্ত্রী

৬। সারে ভর্তুকি ৩ হাজার চারশ  ৪০ কোটি টাকা : সংসদে কৃষিমন্ত্রী

৭। রাজধানীতে ধূলি দূষণের প্রধান কারণ আশপাশের এলাকার ইটভাটা : সংসদে পরিবেশমন্ত্রী

৮। ক্লিন এনার্জিকে উৎসাহিত করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা নিয়ে সিদ্ধান্ত আগস্টে : আইনমন্ত্রী

১০। নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি বন্ধের সিদ্ধান্ত

১১। আরও ১৫ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতিস্বরূপ গেজেট প্রকাশ

১২। চিকুনগুনিয়া আক্রান্তদের কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না : হাইকোর্টের রুল

চলমান পাতা-২

১। **সেনা সদস্যদের পদোন্নতিতে মাঠ পর্যায়ের সাফল্য বিবেচনা করা উচিত : প্রধানমন্ত্রী**

সেনাবাহিনীতে পদোন্নতির ক্ষেত্রে সবকিছুর ঊর্ধ্বে থেকে নিরপেক্ষ দৃষ্টিতে বিচার-বিশ্লেষণ করে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী দেশপ্রেমিক যোগ্য নেতৃত্ব খুঁজে নিতে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, মাঠ পর্যায়ে সাফল্য ও প্রশিক্ষণে দক্ষতাই সেনা কর্মকর্তাদের পদোন্নতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ মানদন্ড হওয়া উচিত। ভবিষ্যতে জাতির উন্নয়নমূলক কর্মকাণ্ডের কথা চিন্তা করে গণতন্ত্রকে সুসংহতকরণে দক্ষ এমন দেশপ্রেমিক কর্মকর্তাদের হাতেই নেতৃত্ব থাকা উচিত। গতকাল ৯ জুলাই রোববার ঢাকা সেনানিবাসে সেনা সদর দপ্তরে আর্মি সিলেকশন বোর্ড-২০১৭ এর বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

২। **রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিন : আন্তর্জাতিক সম্প্রদায়কে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দিতে জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনারসহ (ইউএনএইচসিআর) আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সফররত জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপো গ্র্যান্ডির সঙ্গে সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী বলেন, শুধু মিয়ানমারের শরণার্থীদের তাদের মাতৃভূমিতে টেকসই প্রত্যাবর্তনের মাধ্যমেই দীর্ঘদিনের শরণার্থী সমস্যার সমাধান সম্ভব। গতকাল ৯ জুলাই রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবনের কার্যালয়ে ফিলিপো গ্র্যান্ডির সাক্ষাৎকালে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

৩। **সন্ত্রাস দমনে অর্থ ও অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সন্ত্রাস দমনে অবশ্যই অর্থ এবং অস্ত্র সরবরাহ বন্ধ করতে হবে। সন্ত্রাসীদের কোনো ভৌগোলিক সীমা নেই, ধর্ম নেই। সফররত যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরীয় কমান্ডের কমান্ডার এডমিরাল হেরি বি হ্যারিস (জুনিয়র) গতকাল ৯ জুলাই রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ঢাকা ক্যান্টনমেন্টের সশস্ত্রবাহিনী বিভাগে (এএফডি) তাঁর অফিসে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৪। **গ্রাম পুলিশদের মৃত্যুভাতা প্রদান বিবেচনাধীন : সংসদে অর্থমন্ত্রী**

গ্রাম পুলিশদের এককালীন মৃত্যুভাতা প্রদান করা যায় কিনা সেটা সরকারের বিবেচনায় রয়েছে। তবে এ মুহূর্তে তাদের বেতন-ভাতা বাড়ানোর কোনো সুযোগ নেই। গতকাল ৯ জুলাই রোববার জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির ৭১ বিধি অনুসারে জরুরী জনগুরুত্বসম্পন্ন নোটিশের জবাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

৫। **দেশ আজ সার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, দেশ আজ সারে স্বয়ংসম্পূর্ণ। বর্তমানে দেশে সারের চাহিদা ৭ লাখ টন। আমাদের মজুদ আছে ৯ লাখ টন। এখন আর আমাদের সার আমদানি করতে হয় না। সরকার সারের উৎপাদন বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সার সংকট দূর করেছে। গতকাল ৯ জুলাই পলাশের ঘোড়াশাল ইউরিয়া সার কারখানায় বিসিআইসিতে সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারী এবং উপসহকারী প্রকৌশলীদের বুনিয়াদি প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

৬। **সারে ভর্তুকি ৩ হাজার চারশ ৪০ কোটি টাকা : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বিগত অর্থবছরে সার বাবদ ৩ হাজার ৪৪০ কোটি ৬৩ লাখ টাকা

ভর্তুকি দেওয়া হয়েছে। গতকাল ৯ জুলাই রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।



**৭। রাজধানীতে ধূলি দূষণের প্রধান কারণ আশপাশের এলাকার ইটভাটা**
**: সংসদে পরিবেশমন্ত্রী**

পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু সংসদকে জানিয়েছেন, ঢাকা শহরের ধূলি দূষণের ৫৮ শতাংশের কারণ আশপাশের এলাকার ইটভাটা। 'নরওয়েজিয়ান ইনস্টিটিউট ফর এয়ার রিসার্চ' এর গবেষণার তথ্য তুলে ধরে পরিবেশমন্ত্রী জানান, বাংলাদেশের পরিবেশ সংরক্ষণ বিধিমালা অনুযায়ী বাতাসে প্রতি ঘনমিটারে ১৫০ মাইক্রোগ্রাম পর্যন্ত ভাসমান বস্তুকণা সহনীয় ধরা হয়। সেখানে শুকনো মৌসুমে ঢাকায় এর মাত্রা থাকে ৪৯৯ মাইক্রোগ্রাম পর্যন্ত। গতকাল ৯ জুলাই রোববার সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.১)।

**৮। ক্লিন এনার্জিকে উৎসাহিত করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ক্লিন এনার্জির ব্যবহার বাড়ানোর উদ্যোগকে উৎসাহিত করা হবে। গতকাল ৯ জুলাই রোববার রাজধানীর বিদ্যুৎ ভবনে 'কাপ্তাই ৭ দশমিক ৪ মেগাওয়াট সোলার পাওয়ার প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) উদ্যোগে রাঙ্গামাটির কাপ্তাইয়ে ৯ দশমিক ৩৪ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে নির্মিতব্য এই সৌর বিদ্যুৎকেন্দ্রে প্রতি ইউনিট বিদ্যুতের উৎপাদন খরচ পড়বে ৫ টাকা ৪৮ পয়সা। এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় চীনের জেডটিই করপোরেশনের মাধ্যমে বাস্তবায়নাধীন এই প্রকল্প আগামী বছরের জুলাই মাসে উৎপাদনে আসবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**৯। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা নিয়ে সিদ্ধান্ত আগস্টে : আইনমন্ত্রী**

বহুল আলোচিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা বহাল থাকবে কিনা আগামী আগস্ট মাসের মাঝামাঝি সময়ে সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল ৯ জুলাই রোববার সচিবালয়ে আইন মন্ত্রণালয়ের উদ্যোগে 'ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টের খসড়া ও আইসিটি অ্যাক্টের ৫৭ ধারা বাতিল' বিষয়ে এক মতবিনিময় সভা শেষে আইনমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১০। নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি বন্ধের সিদ্ধান্ত**

যুগোপযোগী ও পূর্ণাঙ্গ নতুন নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি নির্মাণ স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল ৯ জুলাই রোববার এ অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু প্রধান অতিথি ছিলেন। তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে চলচ্চিত্র পরিবারের প্রতিনিধিদের সঙ্গে এ বৈঠকে যৌথ প্রযোজনার ছবি স্থগিত রাখা সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া হয়। তথ্য সচিব মরতুজা আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চলচ্চিত্র পরিবারের প্রতিনিধিদের পক্ষে অভিনেতা ফারুক এবং চলচ্চিত্র শিল্পী সমিতির সভাপতি মিশা সওদাগর একগুচ্ছ প্রস্তাবনা তুলে ধরেন। প্রস্তাবনাগুলো পর্যালোচনা করে চলচ্চিত্রের স্বার্থে যৌথ প্রযোজনার ছবি নির্মাণ নীতিমালা দ্রুত যুগোপযোগী ও পূর্ণাঙ্গ করে নতুন নীতিমালা তৈরি এবং নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনার ছবি নির্মাণ কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **সমকাল** (শেষ পৃ.১৯,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৮)।

**১১। আরও ১৫ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতিস্বরূপ গেজেট প্রকাশ**

একাত্তরে পাকিস্তানী বাহিনী এবং রাজাকারদের হাতে নির্যাতিত আরও ১৫ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৪৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁদের মুক্তিযোদ্ধা স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করা হয়েছে। এ নিয়ে বর্তমান সরকার মোট ১৮৫ জন বীরাঙ্গনাকে স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করেছে। স্বীকৃতিপ্রাপ্তরা প্রতি মাসে ভাতাসহ মুক্তিযোদ্ধাদের মতো অন্যান্য সরকারি সুযোগ-সুবিধা পাবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৮)।

**১২। চিকুনগুনিয়া আক্রান্তদের কেন ক্ষতিপূরণ দেওয়া হবে না : হাইকোর্টের রুল**

চিকুনগুনিয়া জ্বরে আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান এবং এডিস মশা নিধনে



দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য কেন নির্দেশ দেওয়া হবে না এই মর্মে রুল জারি করেছে হাইকোর্ট। এ ছাড়া চিকুনগুনিয়ার প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সারাদেশে জনসচেতনতা বৃদ্ধি এবং রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন আক্রান্ত এলাকার ডাম্পিং স্পটগুলো (আবর্জনাস্তূপ) পরিষ্কার করতে কেন নির্দেশ দেওয়া হবে না, রুলে তা-ও জানতে চাওয়া হয়েছে। বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের ডিভিশন বেঞ্চ গতকাল ৯ জুলাই রোববার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** বাংলাদেশ রোগতত্ত্ব ও রোগ নিয়ন্ত্রণ এবং গবেষণা ইনস্টিটিউটের সাম্প্রতিক জরিপে ঢাকার প্রায় প্রতি ১১ জনের একজন চিকুনগুনিয়া ভাইরাসে আক্রান্ত এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে রাজধানীসহ আক্রান্ত এলাকাগুলিতে অবিলম্বে মশানিধন কার্যক্রম পরিচালনা করার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** দখল ও দূষণের হাত থেকে বুড়িগঙ্গা নদীকে উদ্ধারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **ভোরের কাগজ, ইনকিলাব :** বন্যা মোকাবিলায় সুপরিকল্পিত ও টেকসই বাঁধ নির্মাণের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **জনকণ্ঠ :** বাংলাদেশের প্রথম ন্যানো স্যাটেলাইট ‘ব্র্যাক অন্বেষা’ যাত্রা শুরু করার বিষয় তুলে ধরে কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপিত হওয়ার প্রত্যাশা।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে আমের বাম্পার ফলন হওয়ায় এ ফলের উৎপাদন আরও বাড়াতে আম চাষিদের মাঝে ভালো জাতের আমের চারা সরবরাহ করা, আমের ব্লাইট ও অন্যান্য রোগ প্রতিরোধ করতে কীটনাশক ও বালাইনাশক বিতরণ করার ব্যবস্থা করার আহ্বান।

**চ.** **ডেইলি সান :** সড়ক মেরামত, ট্রাফিক আইনের যথাযথ প্রয়োগ ও সড়ক দুর্ঘটনায় জড়িতদের বিচারের ব্যবস্থা করা হলে বাংলাদেশে সড়ক দুর্ঘটনার হার কমে আসবে বলে প্রত্যাশা।

**ছ.** **নিউজ টুডে :** প্রাতিষ্ঠানিক শিক্ষা থেকে বঞ্চিত প্রায় ১০ মিলিয়ন শিশু, তরুণ ও যুবকের শিক্ষার সুযোগ সৃষ্টির দ্বারা তাদের দরিদ্র অবস্থা দূরীকরণে কর্তৃপক্ষকে অনতিবিলম্বে এগিয়ে আসার আহ্বান।

**জ.** **নিউ এজ :** দেশের উত্তরাঞ্চলের ১৭০০ ইট ভাটার মধ্যে মাত্র ১২০ টির বৈধতা থাকায় কর্তৃপক্ষকে পরিবেশ রক্ষার স্বার্থে অবৈধ এসব ইটভাটার বিরুদ্ধে ব্রিক ম্যানুফ্যাকচারিং এন্ড ব্রিক কিনস ইস্টাব্লিসমেন্ট (কনট্রোল) এ্যাক্ট ২০১৩ কঠোরভাবে প্রয়োগের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশে আইনের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বিচার বিভাগে স্বাতন্ত্র্য ও স্বাধীনতা রক্ষা করতে হবে।

## নিবন্ধন ও ফিচার

**ইত্তেফাক** প্রত্রিকায় প্রকাশিত 'জ্ঞান দক্ষতা ও সামর্থ্যের সংকটে শিক্ষাব্যবস্থা' শিরোনামের নিবন্ধে সঠিক এবং দুর্নীতিমুক্ত শিক্ষা ব্যবস্থাই আমাদের জ্ঞান বিজ্ঞানের উন্নতি করবে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশিদ/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা